# Times Today BD

সিনিয়র রিপোর্টার। রাজনীতি। 19 May, 2025

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আদালতে ঘোষিত মেয়র ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনকে দ্রুত শপথ গ্রহণের সুযোগ না দিলে আন্দোলন আরও বৃহৎ রূপ নিতে পারে বলে হুঁশিয়ারি দিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

সোমবার (২০ মে) বিকেলে সিলেট নগরীর রেজিস্ট্রারি মাঠে বিএনপির সদস্য সংগ্রহ ও নবায়ন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই মন্তব্য করেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, "ঢাকার মানুষ নগর ভবন তালাবদ্ধ করে রেখেছে।তারা আদালতের রায়, নির্বাচন কমিশনের গেজেট ও আইন মেনে চলতে বলছে।কিন্তু তারপরও ইশরাককে শপথ করানো হচ্ছে না।এটি সরাসরি আইনের শাসনের লঙ্ঘন।"

তিনি আরও বলেন, "ইউনুস সাহেব ও তার কম বয়সী উপদেষ্টারা কোর্টের রায় মানছেন না।গেজেট নোটিফিকেশন তোয়াক্কা করছেন না। তাহলে কীভাবে গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে? আমরা সরকারকে সহযোগিতা করতে চাই, কিন্তু তার মানে এই নয় যে সব কিছু মেনে নেব।"

বিএনপির এই নেতা বলেন, "আমি পরিষ্কার করে বলতে চাই—আজ বা আগামীকালের মধ্যে ইশরাক হোসেনকে মেয়র হিসেবে শপথ গ্রহণ করান।না হলে ঢাকার আন্দোলন সারাদেশে ছড়িয়ে পড়বে।এটি হবে গণআন্দোলনের নতুন ধারা।"

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইঙ্গিত করে সালাহউদ্দিন বলেন, "কেউ কেউ আজীবন ক্ষমতা ভোগের স্বপ্ন দেখছেন।কেউ বলছেন, গণঅভ্যুত্থানে তাঁরা নির্বাচিত হয়েছেন।যদি তাই হয়, তবে নির্বাচন ব্যবস্থা রেখে কী লাভ?"

তিনি বলেন, "সংস্কারের মাধ্যমে প্রশাসন, বিচার বিভাগ ও নির্বাচনী ব্যবস্থার কাঠামো পরিবর্তনের জন্য আমরা কাজ করছি।যদি সত্যিই গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চাই, তাহলে সংসদীয় নির্বাচন ছাড়া কোনো উপায় নেই।আর এই নির্বাচন না চাইলে তা স্পষ্ট করে বলা হোক।"

সালাহউদ্দিন আহমদের বক্তব্যে ইঙ্গিত ছিল—বিএনপি কৌশলগতভাবে অন্তর্বর্তী সরকারকে সহযোগিতা করলেও জনগণের দাবি উপেক্ষা করা হলে তারা রাজপথে নতুন মাত্রার আন্দোলন গড়ে তুলবে।

আদালত সিটি করপোরেশন ইশরাক হোসেন বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:12

URL: https://www.timestodaybd.com/public/politics/7314772714